

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

স্মারক নম্বর-২৮.০২.০০০০.০১১.৩৭.০৫১.১১. ২৫

তারিখ: ০৮-০৪-২০২১ খ্রি.


অফিস আদেশ

"বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর অকেজো যানবাহন, মাসব্যবপত্র, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা, ২০২০" অনুযায়ী (কপি সংযুক্ত) পেট্রোবাংলার ব্যবহার অনুপযোগী কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের লক্ষ্যে নিম্নোক্তভাবে সংস্থার কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংক্রান্ত স্থায়ী অকেজো ঘোষণাকরণ কমিটি গঠন করা হলো:

- | | | |
|---|---|------------|
| ১। মহাব্যবস্থাপক (আরএন্ডডিএম), পেট্রোবাংলা | : | আহ্বায়ক |
| ২। উপ-মহাব্যবস্থাপক (প্রকল্প অর্থায়ন), অর্থ বিভাগ, পেট্রোবাংলা | : | সদস্য |
| ৩। ব্যবস্থাপক (আইটি), পেট্রোবাংলা | : | সদস্য |
| ৪। ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ), সেবা বিভাগ, পেট্রোবাংলা | : | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি (ToR):

- (ক) কমিটি সংস্থার সেবা বিভাগ হতে ব্যবহার অনুপযোগী কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তালিকা নীতিমালার পরিশিষ্ট-খ/১ (সেবা বিভাগ কর্তৃক লিপিবদ্ধ) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট মালামাল সরেজমিনে পরিদর্শন করে পরিশিষ্ট খ/২ (কমিটি কর্তৃক লিপিবদ্ধ) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে;
- (খ) কমিটি পেট্রোবাংলা'র বর্ণিত অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০২০-এর অনুচ্ছেদ-০৭, ০৯ ও সংশ্লিষ্ট অন্যান্য বিধি অনুযায়ী কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি পরীক্ষা-নিরীক্ষাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;
- (গ) কমিটি সুষ্ঠুভাবে কার্য সম্পাদনের নিমিত্ত প্রয়োজনবোধে এক বা একাধিক কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করতে পারবে;
- (ঘ) কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় কমিটির ত্রমিক নং-৩ এ বর্ণিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবেন;
- (ঙ) কমিটি সংস্থার অকেজো কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির চূড়ান্ত তালিকাসহ প্রতিবেদন অনূর্ধ্ব ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে যথাযথ মাধ্যমে সংস্থার স্থায়ী নিলাম কমিটি বরাবর প্রেরণ করবে।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(রুচিরা ইসলাম)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি: বর্ণনানুযায়ী।

বিতরণ:

- ১। মহাব্যবস্থাপক (আরএন্ডডিএম), পেট্রোবাংলা, ঢাকা
- ২। উপ-মহাব্যবস্থাপক (প্রকল্প অর্থায়ন), অর্থ বিভাগ, পেট্রোবাংলা, ঢাকা
- ৩। ব্যবস্থাপক (আইটি), পেট্রোবাংলা, ঢাকা
- ৪। ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ), সেবা বিভাগ, পেট্রোবাংলা, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব, পেট্রোবাংলা, ঢাকা
- ২। মহাব্যবস্থাপক (এফএমডি) পেট্রোবাংলা ও আহ্বায়ক, সংশ্লিষ্ট স্থায়ী নিলাম কমিটি
- ৩। মহাব্যবস্থাপক (অর্থ/সেবা), পেট্রোবাংলা, ঢাকা
- ৪। ব্যবস্থাপক (পিএস), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ঢাকা
- ৫। উপ-ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক/পিএ টু পরিচালক (প্রশাসন/অর্থ/পরিচালনা/পিএসসি/অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা, ঢাকা
- ৬। সূত্র: নথি নম্বর-২৮.০২.০০০০.০১১.০১.০২০.১৫ (অংশ) (ভান্ডার)।

Medium_Pad-2021